

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম

**বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ইনোভেশন টিমের
৩য় সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব মোঃ লাল হোসেন, সচিব, বিপিসি।
সভার তারিখঃ ১০/১১/২০২০
সভার সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা
স্থানঃ অনলাইন ভিডিও সিস্টেম, ZOOM অ্যাপস।
উপস্থিতিঃ অনলাইন।


সভার প্রারম্ভে সভাপতি ইনোভেশন টিমের সংশ্লিষ্ট সবাইকে অনলাইনে সংযুক্ত হবার জন্য স্বাগত জানান। সভাপতি দেশের চলমান কোভিড পরিস্থিতির উন্নতি কামনা করেন। ইনোভেশন টিমের সদস্য-সচিব সভাপতিকে অবগত করেন যে, ইতোমধ্যে বিভিন্ন শাখা/বিভাগ হতে বেশ কিছু আইডিয়া সংগ্রহ করা হয়েছে। কমিটি সকল উদ্ভাবনী আইডিয়া এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের বিষয়ে বিষয় আলোচনা করেন। কমিটিকে আরও শক্তিশালী করার লক্ষ্যে কমিটি পুনঃবিন্যাস করে সংস্থার পরিচালক (অর্থ) মহোদয়কে কমিটিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

- কমিটি “পেট্রোলিয়াম পণ্য বিপণন ব্যবস্থা সহজিকরণ” উদ্ভাবনী আইডিয়াটি ২০২০-২১ অর্থবছরের জন্য বাস্তবায়ন করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করে।
- বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা’র প্রণয়ন বাস্তবায়নের লক্ষ্যে কমিটি নিম্নোক্তভাবে পুনঃগঠন করা হবে।

পরিচালক (অর্থ)	-	আহবায়ক
সচিব	-	সদস্য
উর্ধ্বতন মহাব্যবস্থাপক (নিরীক্ষা)	-	সদস্য
মহাব্যবস্থাপক (হিসাব)	-	সদস্য
মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নঃ)	-	সদস্য
ব্যবস্থাপক(এমআইএস)	-	সদস্য
সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)	-	সদস্য-সচিব

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ লাল হোসেন)
সচিব
ফোনঃ ০৩১-৭১৬৪১৩